২১ আগস্ট গ্রেনেড হামলা ছিল বিএনপির রাষ্ট্রীয় সন্ত্রাস: হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ বলেছেন,‘২১ আগস্ট গ্রেনেড হামলা ছিল বিএনপির রাষ্ট্রীয় সন্ত্রাস। এ অপকর্মের জন্য বিএনপিকে জাতির কাছে ক্ষমা চাওয়া উচিত।’

শনিবার দুপুরে কুষ্টিয়ার হরিপুরে গড়াই নদীর ভাঙনকবলিত স্থান পরিদর্শনে শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

তিনি বলেন, ‘২১ আগস্ট গ্রেনেড হামলা ছিল বিএনপির রাষ্ট্রীয় সন্ত্রাস। এ অপকর্মের জন্য বিএনপিকে জাতির কাছে ক্ষমা চাওয়া উচিত।’

নদীভাঙনের বিষয়ে তিনি বলেন, ‘পানি উন্নয়ন বোর্ড জিও ব্যাগ ফেলে ভাঙন প্রতিরোধে কাজ করছে। যেখানে ভাঙন শুরু হবে সেখানেই দ্রুত প্রতিরোধে কাজ করা হবে।’

করোনা প্রসঙ্গে হানিফ বলেন, ‘এরই মধ্যে কুষ্টিয়ার ১০ ভাগ মানুষ করোনাভাইরাসের টিকা পেয়েছে। টিকার কোনো সংকট হবে না। বিভিন্ন সোর্স থেকে থেকে টিকা আমদানি করা হচ্ছে। আগামী ডিসেম্বরের আগেই ৬ থেকে ১০ কোটি টিকা বাংলাদেশে আসবে।’

এসময় কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য এ্যা. আ.কা.ম সরওয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়ার জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি মোহাম্মদ সাইদুল ইসলাম, পুলিশ সুপার খাইরুল আলম, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, শেখ মেহেদী হাসান, হাটশ হরিপুর ইউনিয়ণ পরিষদের চেয়ারম্যান এম শম্পা মাহমুদসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুমারখালীতে চোলাই মদসহ ২ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার কুমারখালীতে চোলাই মদসহ রাম বাবু (২৫) এবং শ্যাম বাবু
(২৬) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

শনিবার দুপুরে কুমারখালী উপজেলা শহরের বড় মসজিদ গলি থেকে তাদের আটক করা হয়।

এসময় তাদের নিকট থেকে ২১ লিটার চোলাই মদ(বাংলা মদ) উদ্ধার করা হয়।

আটককৃত রাম বাবু কুমারখালী পৌরসভার হরিজন পল্লীর মৃত দুলাল বাঁশফোড়ের ছেলে ও শ্যাম বাবু একই এলাকার মৃত মহেশ বাঁশফোড়ের ছেলে।

কুমারখালী থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) রাকিব হাসান জানান, দীর্ঘদিন যাবত কুমারখালী হরিজন পল্লীতে বিভিন্ন ধরনের মাদকের রমরমা ব্যবসা পরিচালনা করছে হরিজন সম্প্রদায়ের কয়েকজন। অনেক চেষ্টা করার পরও তাদের মাদকসহ আটক করা সম্ভব হচ্ছলিনা। শনিবার গোপন সংবাদের ভিত্তিতে এসআই কামাল সঙ্গীয় পুলিশ নিয়ে উল্লেখিত দুজন মাদক ব্যবসায়ীকে চোলাই মদ সহ আটক করে। আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় শিশুখাদ্যে নকল টাকা ব্যবহার: ২ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় অনুমোদনহীন এবং অস্বাস্থ্যকর পরিবেশে শিশুখাদ্য তৈরী এবং চিপসের প্যাকেটের মধ্যে নকল টাকা খেলনা হিসেবে ব্যবহার করে

বিক্রয়ের অভিযোগে দুই লাখ টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

শনিবার (২৮ আগস্ট) সকাল থেকে শহরের চৌড়হাস মোড় এলাকায় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর এই অভিযান পরিচালনা করে। এতে সহায়তা করে র্যাব-১২’র সদস্যরা।

শিশু খাদ্য তৈরীর কারখানা ও বিক্রয় করা দোকান সহ মোট ৪ টি প্রতিষ্ঠানকে ২ লক্ষ টাকা ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। একই সাথে বিপুল পরিমান নকল খেলনা টাকা ও চিপস জব্দ করা হয়েছে।

অভিযানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন কুষ্টিয়া জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী রাকিবুল হাসান।

এসময় তিনি জানান, কুষ্টিয়া শহরতলীর চৌড়হাস শাহপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে অস্বাস্থ্যকর পরিবেশে অনুমোদনহীন শিশু খাদ্য তৈরী এবং চিপসের প্যাকেটের মধ্যে নকল টাকা খেলনা হিসেবে ব্যবহার করার অপরাধে মিতা স্পেশাল ফুড প্রোডাক্টসের মালিক মিঠুকে ভোক্তা অধিকার সংরক্ষন আইন-২০০৯ এর ৪২/৪৩ নং ধারায় ১ লাখ, চৌড়হাস জগতী শাহপাড়া এলাকার রাজ্জাক শাহকে এই আইনের ৪৩/৪৫ নং ধারায় ৩০ হাজার টাকা, চৌরহাস মোড়ের মেসার্স শাহ ফুডের মালিক অপু শাহকে ৩৭/৪৩ ও ৪৫ নং ধারায় ৫০ হাজার টাকা ও মেসার্স ফারুক ফুড প্রোডাক্টসের মালিক ফারুককে ৩৭/৪৫ নং ধারায় ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

এ বিষয়ে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানি কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খান বলেন,আমাদের কাছে অভিযোগ ছিলো কুষ্টিয়া শহরের বিভিন্ন দোকানে চিপসের প্যাকেটে খেলনা হিসেবে নকল টাকা ব্যবহার করে বিক্রয়ের কারনে বাচ্চারা চিপস কেনার প্রতি আকৃষ্ট হচ্ছে। বাচ্চারা নকল টাকার লোভে পরে এই প্রোডাক্টস কিনে। তারই ধারাবিহিকতায় এই অভিযান পরিচালনা করা হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ভবিষ্যৎ প্রজন্মের জন্য কুষ্টিয়া শিল্পকলা একাডেমী সর্বস্তরে সংস্কৃতির আলো ছড়িয়ে দেবে : হানিফ

ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী সর্বস্তরে সংস্কৃতির আলো ছড়িয়ে দেবে বলে জানিয়েছেন আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

তিনি বলেন, আমরা অত্যন্ত ভাগ্যবান যে কুষ্টিয়াতে অত্যাধুনিক মানের শিল্পকলা একাডেমি ভবন নির্মিত হচ্ছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির পর কুষ্টিয়া শিল্পকলা একাডেমিকে ধরা হবে দ্বিতীয় বৃহত্তম একাডেমি ভবন। এটি নির্মিত হলে জেলার সাংস্কৃতিক চর্চা বিশ্ব দরবারে ব্যাপক পরিচিতি লাভ করবে। জেলার কৃষ্টি-কালচারকে দেশ তথা বিশ্ব দরবারে পরিচিত করতে কুষ্টিয়া শিল্পকলা একাডেমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

শনিবার দুপুরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের অর্থায়নে নির্মিত কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমীর ভবন নির্মান কার্যক্রম পরিদর্শন শেষে মতবিনিময়কালে তিনি একথা বলেন।

শিল্প ও সাংস্কৃতিক চর্চার কোন বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, জেলার সংস্কৃতিকে বিকশিত করার লক্ষে বৃহৎ পরিসরে এই শিল্পকলা একাডেমী নির্মাণ করা হচ্ছে। কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী সাংস্কৃতিক চর্চায় বিশ্ব দরবারে ব্যাপক পরিচিতি লাভ করবে।

এসময় কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য এ্যা. আ.কা.ম সরওয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়ার জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি মোহাম্মদ সাইদুল ইসলাম, পুলিশ সুপার খাইরুল আলম, কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহ-সভাপতি আবদুর রশীদ চৌধুরী, আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ

সম্পাদক শাহীন সরকার, জেলা কালচারাল অফিসার সুজন রহমান, নির্মাণ প্রকল্পের প্রকৌশলী শুখদেব চন্দ্র দাস, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, শেখ মেহেদী হাসানসহ অনেকে উপস্থিত ছিলেন।

জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম বলেন, অবকাঠামোগতভাবে দেশের অন্যান্য জেলার তুলনায় অনেকটাই পিছিয়ে ছিলো এটি। বর্তমান আওয়ামীলীগ সরকারের আমলে আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মাহবুব উল আলম হানিফএমপি মহদোয়ের ঐকান্তিক প্রচেষ্টায় ভঙ্গুর অবকাঠামোর ভেতর দিয়েই জেলার সংস্কৃতিকে বিকশিত করার লক্ষ্যে বৃহৎ পরিসরে এই শিল্পকলা একাডেমী নির্মাণ করা হচ্ছে।

শিল্পকলা একাডেমি সূত্রে জানা যায়, ১৯৬১ সালে পৌরসভার পাশে খাদ্যগুদাম নির্মাণ করা হয়। সেটি ১৯৭৫ সালে শিল্পকলা একাডেমির মিলনায়তন হয়ে যায়। সেখানেই জেলার সংস্কৃতির ধারক ও বাহক হিসেবে কাজ করতে থাকে জেলা শিল্পকলা একাডেমি। কণ্ঠসংগীত, নৃত্যকলা, তালযন্ত্র, নাট্যকলা ও চারুকলা প্রশিক্ষণ দেওয়া হয় এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করা হয়। জেলার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন নিয়ে স্থানীয়ভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। পাশাপাশি সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং চলচ্চিত্র, সাংস্কৃতিক ও নাট্য উৎসবের আয়োজন করা হয়।

প্রসঙ্গত, সংস্কৃতি মন্ত্রণালয়ের অর্থায়নে ৪৪ কোটি টাকা ব্যয়ে নির্মিত এ শিল্পকলা একাডেমী ২০১৭ সালের জুলাই মাসে তৎকালীন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ঢাকার পরেই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির অবস্থান হবে।
যেখান থাকছে ৩টি অত্যাধুনিক অডিটোরিয়াম। এর মধ্যে রয়েছে অত্যাধুনিক ফিক্স অডিটোরিয়াম, মাল্টিপারপাস অডিটোরিয়াম এবং এরিনা মঞ্চ। এক একর জায়গার ওপর নির্মিত হবে এই কমপ্লেক্স ভবন। বাংলাদেশের মধ্যে এটিই হবে সেরা অত্যাধুনিক কমপ্লেক্স শিল্পকলা একাডেমী ভবন।

আমদাহ ইউনিয়ন আওয়ামীলীগের আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই আলোচনা সভার আয়োজন করা হয়।
আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কাজী শরিফুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। এই আলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, আশরাফপুর আওয়ামী লীগের সভাপতি মোঃ মনরুদ্দিন, আমদাহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম, আমদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম কিবরিয়া সহ বিভিন্ন নেতা কর্মীরা সেখানে উপস্থিত ছিলেন ।

ঝিনাইদহে মৃত পরিবহন শ্রমিকদের পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান

ঝিনাইদহে মৃত পরিবহণ শ্রমিকদের পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদাণ করা হয়েছে।শনিবার সকালে জেলা বাস,মিনিবাস,কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের কার্যালয়ে এ সহযোগিতা প্রদাণ করা হয়।

জেলা বাস,মিনিবাস,কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন,শ্রমিক লীগের সভাপতি আক্কাচ আলী,সাধারণ সম্পাদক একরামুল হক লিকু,বাস মিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি রোকনুজ্জামান রানু,জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ বিশ্বাস,শ্রমিক নেতা আশরাফুজ্জামান খোকন, আবু সাঈদসহ অন্যান্যরা।

পরে শ্রমিক ইউনিয়নের মৃত ২৩ জন সদস্য’র পরিবারের মাঝে ৮ লাখ ২৫ হাজার টাকা বিতরণ করা হয়।

গাংনীতে ফরম পূরণের দাবিতে বিএন কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের মানববন্ধন

গাংনীর ভাটপাড়ায় ফর্ম পূরন করার দাবিতে মানব বন্ধন করেছে বিএন কলেজের এইচ এসসি পরিক্ষার্থীরা।

শনিবার দুপুরে বিএন কলেজের সামনের সড়কে মানববন্ধন করেন তারা। মানববন্ধনে কলেজের প্রায় শতাধিক পরিক্ষার্থী ও অভিভাবকরা অংশ নেন।

মানববন্ধনে বিএন কলেজের ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থী আব্দুল হাকিম বলেন, ৩০ আগস্ট তারিখ ফরম পূরণের শেষ সময় সীমা। সামনে মাত্র দু’টি দিন রয়েছে। পরীক্ষার্থীরা ফরম পূরণ করতে পারে নাই। বিএন কলেজের অধ্যক্ষ আ.ফ.ম. আলিমুজ্জামান বিভিন্ন খাতে দুর্নীতি করে বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত রয়েছেন। তিনি ইআইআইএন—১১৮২৫৪ এর পাসওয়ার্ড না দেওয়ায় এ জটিলতার সৃষ্টি হয়েছে এবং পরীক্ষার্থীরা

ভবিষ্যৎ অনিশ্চয়তার ঝুঁকিতে পড়েছে। এর থেকে পরিত্রাণ চান তারা।

শিক্ষার্থী শারমিন সুলতানা ও মুন্নি খাতুন জানান, আমাদের সাথে কোন দিনও অধ্যাক্ষ স্যার ভালো ব্যাবহার করেননি এবং আমাদের উপবৃত্তির টাকা পর্যন্ত তিনি আত্নসাৎ করেছেন। তিনি নিয়মিত কলেজে আসতেন না। কিন্তু যেদিন আসতেন সকলের সাথে খারাপ আচরন করতেন। আমারা সেই শিক্ষকের কাছে কি শিক্ষা অর্জন করতে পারবো তা আমাদের জানা নাই।তবে আমাদের এত কিছুর পরেও কোন আপত্তি ছিলনা যদি না সে আমাদের জীবন নিয়ে ছিনিমিনি না খেলতো, সে আমাদের জীবন শেষ করার জন্য উঠে পড়ে লেগেছে কিন্তু আমরা এখন নিরুপায় এর সঠিক বিচার চাই।

অভিভাবকদের মধ্য থেকে উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের আমিনুল ইসলাম জানান, সন্তানদের ভবিষ্যৎ যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রেখে বরখাস্তে থাকা অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামানকে পাসওয়ার্ড দিয়ে দেওয়ার অনুরোধ জানান তিনি। অন্যথায় তার কারণে শিক্ষার্থীদের ভবিষ্যৎ নষ্ট হলে তাকেও আইনের কাঠগড়ায় দাঁড়াতে বাধ্য করা হবে বলে হুঁশিয়ারি দেন তিনি। একই কথা জানিয়েছেন উপজেলার সাহারবাটি গ্রামের আব্দুল আজিজ ও ভাটপাড়া (কুঠি) গ্রামের মজনুর রহমান।

ফরম পূরণের দাবিতে মানববন্ধন

মানববন্ধনে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইজারুল ইসলাম বলেন, অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান দুর্নীতি করে শিক্ষার্থীদের উপবৃত্তির ৪০ হাজার ৫শত টাকা, শিক্ষক— কর্মচারীদের নিকট থেকে ৫ লক্ষ ৮৪ হাজার টাকা ও কলেজের আয়কৃত ১ লক্ষ্য ৪১ হাজার ৪৭০ টাকাসহ সর্বমোট — ৭ লক্ষ ৬৫ হাজার ৯ শত ৭০ টাকা হাতিয়ে নেয়। এ বিষয়ে বর্তমান কলেজ কর্তৃপক্ষ যশোর বোর্ডের আরবিট্রেশন বোর্ডে ০৫/০১/২০২১ ইং তারিখে একটি লিখিত অভিযোগ দায়ের করেন যার আইডি নং—৪২৪৬।

তিনি বলেন, সেই সাথে মেহেরপুর বিজ্ঞ আদালতে একটি মামলা চলমান রয়েছে যার নং— সিআর—১২৬/২০২১ তারিখ ২৮/০৩/২০২১ ইং। তাছাড়া অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান এর নিয়োগের রেজুলেশনে বহিতে ভিন্ন ভিন্ন রেজুলেশন দেখা গেছে। সে বিষয়েও জটিলতা রয়েছে।
তিনি আরো বলেন এ জটিলতা থেকে পরিত্রান পেতে ১৮/০৭/২০২১ ইং তারিখে যশোর বোর্ডের চেয়ারম্যানকে অ্যাড্রেস করে— মেহেরপুর জেলা প্রশাসক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার, জেলা ও উপজেলা

মাধ্যমিক শিক্ষা অফিসার ও সভাপতি বরাবরে অনুলিপি প্রেরণ করা হয়েছে। ২৯/০৭/২০২১ ইং তারিখে কলেজ পরিদর্শক বরাবরে পুনরায় একটি পত্র প্রেরণ করা হয়েছে। অতঃপর ১৭/০৮/২০২১ ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা সচিব, যশোর বোর্ডের চেয়ারম্যান, খুলনা বিভাগের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক ও যশোর বোর্ডের কলেজ পরিদর্শক বরাবরে পোস্ট অফিসের মাধ্যমে রেজিস্ট্রি করে লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়েছে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহবুব উল আলম আরো বলেন, অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামানকে যাতে চূড়ান্ত বরখাস্ত না করা য় সে জন্য চলতি মাসের ৩০ তারিখ এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের শেষ সময়সীমা থাকলেও (ইআইআইএন—১১৮২৫৪) এর পাসওয়ার্ড ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহবুব উল আলমকে না দিয়ে জটিলতার সৃষ্টি করেছেন। ফলে শতাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চতার ঝুঁকিতে পড়েছে। এর থেকে পরিত্রাণ চান শিক্ষার্থী— অভিভাবক ও শিক্ষক মন্ডলী। অন্যথায় অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামান এর বিরুদ্ধে কঠোর আন্দোলন গড়ে তোলাসহ ও আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন বক্তারা।

মেহেরপুরে জাতীয় মৎস সপ্তাহ উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

‘বেশি বেশি মাছ চাষ করি’ ‘বেকারত্ব দূর করি’ এই স্লোগান নিয়ে জাতীয় মৎস সপ্তাহ-২০২১ উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে মেহেরপুর মৎস অধিদপ্তরের উদ্যোগে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। জেলা মৎস অধিদপ্তরের সভা কক্ষে আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা মৎস কর্মকর্তা মোঃ সাইফুদ্দিন ইয়াহিয়া। এসময় সিনিয়র মৎস কর্মকর্তা মোঃ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন। জাতীয় মৎস সপ্তাহ-২০২১ উপলক্ষে সপ্তাহব্যাপী কার্যক্রমের মধ্যে

রয়েছে মাছের পোনা অবমুক্ত, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামান্য চিত্র প্রদর্শন, মৎস্য চাষীদের সাথে মতবিনিময় সভা ও পরামর্শ সেবা, পুকুরের মাটি ও পানি পরীক্ষা, সুফলভোগীদের প্রশিক্ষণ এবং ভিডিও কনফারেন্সিং।

মুজিবনগরে মৎস সপ্তাহ উপলক্ষে সংবাদ সম্মেলন

মুজিবনগরে ১ সপ্তাহব্যাপী মৎস সপ্তাহ পালনের লক্ষে ১ম দিনে সাংবাদিকদের সাথে মত বিনিময় করেছে উপজেলা মৎস অফিস।
শনিবার সকাল সাড়ে দশটার দিকে উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা(অঃদা) শহিদুল ইসলামের সভাপতিত্বে উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।
বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মৎস সম্প্রাসারন কর্মকর্তা নাজমুস শাকিব।
এ সময় মুজিবনগরের সকল সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ শুরু

লাভজনক মাছ চাষে চাষীদের আগ্রহ, মাছের জাত উন্নয়ন ও মাছ চাষে সরকারের নানামুখি উদ্যোগে গাংনী উপজেলা এখন মাছ চাষে স্বয়ংসম্পূর্ণ। এ উপজেলার বার্ষিক মাছের চাহিদা ৬৫৫০ মেট্রিক টন পূরণ করে ১৭০ মেট্রিক টন মাছ বাইরের জেলায় পাঠানো হয়। মাছ চাষ আরও বৃদ্ধি করার লক্ষ্যে কাজ করছে সরকার। তাই সকলের সহযোগিতা কামনা করলেন ইউএনও এবং উপজেলা মৎস্য কর্মকর্তা।

আজ শনিবার সকালে গাংনী ইউএনও সভা কক্ষে আয়োজিত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় তাঁরা মৎস্য সপ্তাহের কার্যক্রম তুলে ধরেন। একই সাথে দেশীয় মাছ রক্ষায় নানা কার্যক্রম তুলে ধরা হয়।
অনষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মৎস্য কর্মকর্তা হোসেন আহমদ। প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানম। বক্তব্য রাখেন গাংনী প্রেস ক্লাব সভাপতি রমজান আলীসহ সাংবাদিকবৃন্দ।
অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সহকারি মৎস্য কর্মকর্তা জাকির হোসেন। সপ্তাহব্যাপী কার্যক্রমের মধ্যে রয়েছে মাছের পোনা অবমুক্ত, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামান্য চিত্র প্রদর্শন, মৎস্য চাষীদের সাথে মতবিনিময় সভা ও পরামর্শ সেবা, পুকুরের মাটি ও পানি পরীক্ষা, সুফলভোগীদের প্রশিক্ষণ এবং ভিডিও কনফারেন্সিং।